বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)

এসডিএডি সার্কুলার লেটার নং - ২১

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৬ নভেম্বর ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

Eastern Bank PLC. এর Core Banking Software Maintenance এর
নিমিত্ত ডাউনটাইমের অনুমোদন প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

১| Eastern Bank PLC. এর Core Banking Software Maintenance এর নিমিত্ত প্রয়োজনীয় ও পর্যাপ্ত প্রচারণা অব্যাহত রাখার শর্তে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ডাউনটাইমের অনুমতি প্রদান করা হয়েছে:

নির্ধারিত ডাউনটাইম শুরু		নির্ধারিত ডাউনটাইম শেষ		ডাউনটাইম ব্যাপ্তি
তারিখ	সময়	তারিখ	সময়	
শুক্রবার, ২০ নভেম্বর ২০২৬	রাত ১০:০০টা	শনিবার, ২১ নভেম্বর ২০২৬	দুপুর ১:০০টা	প্রায় ১৫ (পনেরো) ঘন্টা

উক্ত সময়ে নিম্নলিখিত গ্রাহক সেবাসমূহ বন্ধ থাকবেঃ

(১.১) ATM, NPSB, Cash Recycling Machine (CRM), DROPBOX, Cash Deposit Machine (CDM), Cheque Deposit Machine, POS এবং ই-কমার্সসহ অন্যান্য ব্যাংকিং/নন-ব্যাংকিং চ্যানেলে ডেবিট কার্ড,অ্যাকাউন্ট-সংক্রান্ত সব ধরনের লেনদেন। **তবে, ইবিএল এর Issue করা ক্রেডিট এবং প্রিপেইড কার্ড দিয়ে অন্যান্য ব্যাংকের ATM এবং POS সহ ইবিএল এর POS এর মাধ্যমেও লেনদেন করা যাবে;**

(১.২) ইন্টারনেট ব্যাংকিং, স্কাইব্যাংকিং মোবাইল অ্যাপ, ইবিএল Connect, মিসড কল অ্যালার্ট, ই-কেওয়াইসি, Smart IVR, ইবিএল সেলফ সার্ভিস, সাপ্লাই চেইন ফাইন্যান্স, রেমিটেন্স সার্ভিস;

(১.৩) BACH নেটওয়ার্কের আওতাভুক্ত সেবাসমূহ, RTGS, BEFTN এবং SWIFT।

২| ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) -এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বর্ণিত অনুমতি প্রদান করা হয়েছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)
পরিচালক (এসডিএডি)
ফোন: ৯৫৩০০৯৩